গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.১৪৪.১৯.১৬১

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬
০৪ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: **রিট পিটিশন নং-৫২৭৭/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।**

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৯.০৭.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: মিজানুর রহমান, পিতা: খালি উদ্দীন, গ্রাম: বারোমহাটি, থানা: লালপুর, জেলা: নাটোর এবং সহকারী শিক্ষক, বারোমহাটি সমবায় হাইস্কুল (ভোকেশনাল শাখা), উপজেলা: লালপুর, জেলা: নাটোর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫২৭৭/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারীর আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট পিটিশন নং-৫২৭৭/২০১৯ মামলায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.২৭.০০১.১৭-১০২২, তারিখ: ১৮.১১.২০১৮ খ্রি: মূলে আবেদনকারী জনাব মো: মিজানুর রহমান এর এমপিও বাতিল করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে স্মারকপত্রটিকে চ্যালেঞ্জ করে এমপিও চালু করার দাবীতে রিট পিটিশন নং-৫২৭৭/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ২ নং রেসপনডেন্ট; মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ১০ (দশ) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. গত ০৯.০৭.২০১৯ খ্রি: তারিখে মামলাটিতে ১ বছরের স্থগিতাদেশ দিয়ে মহামান্য হাইকোর্ট নিম্নরূপ আদেশ জারি করেছেন:

"Subject to the disposal of the Rule, the operation of the memo No. 57.03.0000.028.27.001.17.1022 dated 18.11.2018 (Annexure-D to the writ petition) issued by the respondent No.5 be stayed for a period of 01 (one) year from date."

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

০৬. এখানে উল্লেখ্য যে, ডিটিই এর একটি পত্রকে চ্যালেঞ্জ করে মামলাটির উদ্ভব হয়েছে বিধায় এর জবাব ডিটিই হতে প্রদানই যুক্তিযুক্ত হবে।

০৭. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৫২৭৭/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে প্রমাণকসহ তথ্য আগামী ৩০.০৯.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪-৯-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.১৪৪.১৯.১৬১/১(৭)

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬
০৪ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৪-৯-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)